

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা

নং-৪৬.০১৭.০১১.০০.০০.০০২.২০১১-৫৫৯


তারিখঃ-০৪-১০-২০১১খিঃ

সংশোধিত পরিপত্র

বিষয় : গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার)-দের পোষাক সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ইউনিয়ন পরিষদসমূহে কর্মরত গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার)-দেরকে নিম্নবর্ণিত পোষাক ও সরঞ্জামাদি সরবরাহ করার জন্য সরকার কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

১. প্রতি বৎসর ২টি জামা, ২টি প্যান্ট (জামা-একটি ফুল, একটি হাফ নীল রং এবং প্যান্ট খাকী রং), চৌকিদারদারদের জন্য লাল রংয়ের সোল্ডার ব্যাচ, ইউনিয়ন কমান্ডার/দফাদারদের জন্য সোল্ডার ব্যাচে কালো কাপড়ের রিবন ২টি এবং প্রতি বৎসর একটি বেলেট।
 ২. প্রতি ২ বৎসর অন্তর মাথার ক্যাপ মনোগ্রামসহ।
 ৩. মহিলা পুলিশদের ন্যায় মহিলা গ্রাম পুলিশদের পোষাক সরঞ্জামাদি।
 ৪. শীতের জন্য প্রতি ২ বৎসর অন্তর একটি 'জ্যাকেট' এবং উলের জামা। মহিলা পুলিশদের জন্য 'কার্টিগান'।
 ৫. প্রতি ২ বৎসর অন্তর ১ জোড়া উন্নতমানের চামড়ার জুতা (মোজাসহ) এবং প্রতি বৎসর উন্নতমানের কাপড়ের জুতা ১ জোড়া।
 ৬. প্রতি ৩ বৎসর অন্তর একটি রেইন কোট।
 ৭. প্রতি ৩ বৎসর অন্তর খাতা-কলম, অফিসের কাগজপত্র, জামা কাপড় বহন করার জন্য একটি সাইড ব্যাগ।
 ৮. প্রতি ২ বৎসর অন্তর উন্নতমানের একটি ৪.৫০ ভোল্ট চার্জার টর্চ লাইট এবং একটি ছাতা (গ্রামপুলিশ মনোগ্রামসহ)।
 ৯. প্রতি ২ বৎসর অন্তর একটি লায়নার বাঁশী এবং একটি বেতের লাঠি।
- ২। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত অনুযায়ী গ্রামপুলিশদেরকে পোষাক সরবরাহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং এ সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সকল আদেশ এতদ্বারা বাতিল করা হলো।


(অনল চন্দ্র দাস)

উপ-সচিব(ইপ-১ অধিশাখা)

ফোনঃ ৭১৬৭১৪৫।

বিতরণঃকার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক (সকল),
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....

জ্ঞাতার্থেঃ

- ১। বিভাগীয় কমিশনার (সকল),
- ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল).....